

ইস্টার্ন ব্যাংক লিমিটেড

হেড অফিস: জীবন বিমা ভবন, ১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০



শেয়ার মূল্য সংবেদনশীল তথ্য

ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ কর্তৃক ২০১২ সালের নগদ লভ্যাংশ ঘোষণা
এবং ২১ তম (একুশতম) বার্ষিক সাধারণ সভার সময়-সূচী :

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ মঙ্গলবার ২৬শে ফেব্রুয়ারী ২০১৩ ইং তারিখ বিকেল ৩.০০ থেকে ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় ২০১২ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী গ্রহণ ও চূড়ান্ত ভাবে বিবেচনা করেছেন যা আগত ২১ তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

এছাড়া পরিচালনা পর্ষদ উক্ত সভায় ৩১শে ডিসেম্বর ২০১২ ইং অর্থ বছরের জন্য নিম্ন লিখিত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেনঃ

* নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) : ২০% (বিশ শতাংশ)

ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ ২১তম (একুশতম) বার্ষিক সাধারণ সভার জন্য নিম্নলিখিত কর্মসূচী ঘোষণা করেছেনঃ

১. ২১তম (একুশতম) বার্ষিক সাধারণ সভার সময়-সূচী:

দিন ও তারিখ : রবিবার, ৩১ শে মার্চ ২০১৩
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
স্থান : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, আগারগাও, ঢাকা

২. রেকর্ড ডেট : রবিবার, ১০ই মার্চ ২০১৩

৩. লভ্যাংশ গ্রহণের শর্তাবলী: রেকর্ড ডেট (১০ মার্চ ২০১৩) অনুযায়ী যে সমস্ত শেয়ারহোল্ডারদের নাম ইবিএল এর শেয়ার রেজিস্টারে এবং/অথবা ডিপোজিটোরিতে লিপিবদ্ধ থাকবে তাঁরাই ঘোষনাকৃত নগদ লভ্যাংশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন।


৪. বিএসইসির নোটিফিকেশন তারিখ ১ জুন ২০০৯ অনুযায়ী ইবিএল এর পরিচালনা পর্ষদ নিম্নলিখিত তথ্য ঘোষণা করেনঃ

২০১২ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের তথ্যঃ

বিবরণী	ইবিএল (টাকা)	ইবিএল কনসোলিডেটেড (টাকা)
নেট অ্যাসেট ভ্যালু (এন এ ভি)	১,৭১০.৯৩ কোটি	১,৭২৪.৯৫ কোটি
নেট অ্যাসেট ভ্যালু পার শেয়ার	২৭.৯৯	২৮.২২
আরনিং পার শেয়ার (ই পি এস)	৩.৭২	৩.৯৯
নেট অপারেটিং ক্যাপিটাল পার শেয়ার	(২.৭৪)	(৩.৭৩)

বিএসইসি ডাইরেক্টিভস নং SEC/SRMID/2000-85/2248/PRA-02/1 তারিখ ডিসেম্বর ১৯, ২০০০ এবং SEC/CMRRCD/2009-193/Admin/03-31 তারিখ ১ জুন ২০০৯, অনুযায়ী উল্লেখিত তথ্য প্রদান করা হয়েছে।

তারিখঃ ঢাকা
২৬শে ফেব্রুয়ারী ২০১৩


সাফিয়ার রহমান, এফসিএস
এসইডিপি এন্ড কোম্পানী সচিব